

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ মনজুর হাসান ভুইয়া পরিচালক (ফ্রেয় ও বিপণন) (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	১১/০৯/২০২২ খ্রিঃ
সভার সময়	দুপুর ০২:০০ ঘটিকা
স্থান	পরিচালক (ফ্রেয় ও বিপণন) মহোদয়ের দপ্তর
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি গত ২০২১-২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা সফলভাবে বাস্তবায়ন করায় সংশ্লিষ্ট সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতির অনুমতিক্রমে ইনোভেশন টিমের সদস্য-সচিব ও অর্থ বিশ্লেষক (পরিকল্পনা বিভাগ) বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রমের বিস্তারিত সভায় উপস্থাপন করেন।

ইনোভেশন টিমের সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী সেবা সহজিকরণ ও সেবা ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা আগামী ০৪/০৫/২০২৩ তারিখের মধ্যে বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। সে লক্ষ্যে গত ১৪ আগস্ট ২০২২ তারিখে স্মারক নং ১১৯ এর মাধ্যমে কর্পোরেশনের বিভিন্ন ইউনিট/বিভাগ হতে সেবা সহজিকরণ, সেবা ডিজিটাইজেশন ও উদ্ভাবনী ধারণা আহ্বান করা হয়। ইউনিট/বিভাগ হতে প্রাপ্ত সেবা সহজিকরণ, সেবা ডিজিটাইজেশন ও উদ্ভাবনী ধারণার বিষয়ে বিশদ আলোচনার নিমিত্ত এর তালিকা সদস্য সচিব কর্তৃক সভায় উপস্থাপন করা হয়।

ইনোভেশন টিমের সদস্য ও কর্পোরেশনের হিসাব নিয়ন্ত্রক কাপ্তাই হুদ মৎস্য উন্নয়ন ও বিপণন কেন্দ্র, বামউক, রাজামাটি কেন্দ্র কর্তৃক প্রস্তাবিত 'কাপ্তাই হুদের বিলুপ্ত প্রজাতির মাছের রেণু উৎপাদনপূর্বক পোনা অভয়াশ্রমে অবমুক্তকরণ' নামক উদ্ভাবনী ধারণার বিষয়ে আলোকপাত করেন। তিনি বলেন, কাপ্তাই হুদ এক সময় সাদা ঘনিয়া, সরপুটি, কৈ, চিতল ও পাঙ্গাস মাছের আধিক্য থাকলেও অতি আহরণ, প্রজননক্ষেত্র-বিচরণক্ষেত্র বিনষ্ট ও অনুকূল পরিবেশ নষ্ট হওয়ায় এই প্রজাতিগুলো বিলুপ্তির পথে। প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হলে হুদের বিলুপ্ত প্রায় মাছের প্রজাতিগুলো রক্ষা করা যাবে। তিনি মনে করেন, কাপ্তাই হুদ মৎস্য উন্নয়ন ও বিপণন কেন্দ্র, বামউক, রাজামাটি কেন্দ্র কর্তৃক প্রস্তাবিত 'কাপ্তাই হুদের বিলুপ্ত প্রজাতির মাছের রেণু উৎপাদনপূর্বক পোনা অভয়াশ্রমে অবমুক্তকরণ' নামক উদ্ভাবনী ধারণাটি বাস্তবায়িত হলে হুদের বিলুপ্ত ও বিলুপ্ত প্রায় প্রজাতির মাছগুলোর প্রাচুর্যতা বাড়বে এবং মাছগুলো বিলুপ্তির হাত থেকে রক্ষা পাবে।

ইনোভেশন টিমের সদস্য ও কর্পোরেশনের অর্থ নিয়ন্ত্রক 'বিএফডিসি সিপিএফ ম্যানেজমেন্ট সিস্টেম' এর মাধ্যমে কর্পোরেশনের সিপিএফ কার্যক্রম সহজিকরণের ধারণাকে খুবই ইতিবাচক হিসেবে উল্লেখ করেন। তিনি

বলেন, কর্পোরেশনের কর্মকর্তা/কর্মচারীদের প্রদেয় ভবিষ্য তহবিলে কর্মকর্তা/কর্মচারির মাসিক মূল বেতন হতে নির্দিষ্ট হারে চাঁদা কর্তন ও কর্পোরেশন নির্দিষ্ট হারে Contribute করে থাকে। সিপিএফ হিসাব প্রস্তুত সংক্রান্ত কার্যক্রম ম্যানুয়ালি সম্পন্ন করা হয়। উক্ত কার্যক্রম সফটওয়্যার মাধ্যমে সম্পন্ন করা হলে সহজেই হিসাব প্রস্তুতসহ, সিপিএফ বিবরণী তৈরি, সিপিএফ অগ্রিম, আংশিক ও চূড়ান্ত পরিশোধ সংক্রান্ত কাজ সহজে করা সম্ভব হবে।

সদস্য-সচিব ও অর্থ বিশ্লেষক (পরিকল্পনা বিভাগ) বলেন, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক [১.২.১] অনুযায়ী ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ আগামী ১৩ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে প্রস্তুতের নির্দেশনা রয়েছে। যথাসময়ে এটি প্রণয়ন করতে পারলে কর্মপরিকল্পনায় বরাদ্দকৃত ০২ (দুই) নম্বর অর্জিত হবে। তিনি ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার তালিকা সভায় উপস্থাপন করেন। উপস্থিত সদস্যগণ তালিকা পর্যবেক্ষণ করে প্রয়োজনীয় সংশোধনসহ বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রণয়ন করেন।

সভাপতি মহোদয় কর্পোরেশনের সকল বিভাগে ই-নথির ব্যবহার বৃদ্ধি এবং কর্পোরেশনের সকল কার্যক্রম ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনা প্রদান করেন। তিনি ইনোভেশন টিমের সদস্যদেরকে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ নিয়মিত অবলোকনপূর্বক বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

১। ২০২২-২৩ অর্থবছরে ‘কাপ্তাই হ্রদের বিলুপ্ত প্রজাতির মাছের রেণু উৎপাদনপূর্বক পোনা অভয়াশ্রমে অবমুক্তকরণ’ নামক উদ্ভাবনী ধারণা এবং ‘বিএফডিসি সিপিএফ ম্যানেজমেন্ট সিস্টেম’ নামক সেবা সহজিকরণ করতে হবে;

২। ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ তথ্য বাতায়নে প্রকাশ করতে হবে।

সভার আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ মনজুর হাসান ভুইয়া
পরিচালক (ফ্রয় ও বিপণন) (অতিরিক্ত দায়িত্ব)


স্মারক নম্বর: ৩৩.০৩.০০০০.১০৩.০৬.০৮৫.১৯.১৮০

তারিখ: ১০ আশ্বিন ১৪২৯

২৫ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) যুগ্ম পরিচালক, প্রশাসন বিভাগ, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
- ২) ব্যবস্থাপক (বাস্তবায়ন), বাস্তবায়ন বিভাগ, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
- ৩) ব্যবস্থাপক (ক্রয়), ক্রয় বিভাগ, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
- ৪) হিসাব নিয়ন্ত্রক, হিসাব বিভাগ, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
- ৫) অর্থ নিয়ন্ত্রক, অর্থ বিভাগ, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
- ৬) একান্ত সচিব, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।



মোঃ আইয়ুব আফনান
অর্থ বিশ্লেষক